দুর্গাপূজায় সহযোগিতায় থাকবে এনসিপি: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

দুর্গাপূজা নির্বিঘ্নে উদযাপনে সারাদেশে সহযোগিতা করার ঘোষণা দিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলটির আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন, ধর্ম পালনের ক্ষেত্রে প্রত্যেকের স্বাধীনতা ও নিরাপত্তা নিশ্চিত হওয়া প্রয়োজন।

বৃহস্পতিবার (১৫ অক্টোবর) সন্ধ্যায় দলের কার্যালয়ে পূজার আমন্ত্রণ ও শুভেচ্ছা বিনিময় শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এ কথা জানান।

নাহিদ ইসলাম বলেন, পূজা এলেই নিরাপত্তার প্রশ্ন সামনে আসে। তিনি এমন একটি পরিবেশের প্রত্যাশা করেন, যেখানে ধর্মীয় উৎসব পালনের সময় নিরাপত্তা নিয়ে আলাদা করে উদ্বিগ্ন হতে হবে না। পূজা উদযাপনে সহযোগিতার জন্য সারাদেশে দলের নেতাকর্মীদের নির্দেশনা দেওয়া হয়েছে বলেও জানান তিনি।

এনসিপির আহ্বায়ক বলেন, ধর্মীয় কিংবা জাতীয় পরিচয়ের কারণে কেউ যেন বৈষম্যের শিকার না হন, এমন বাংলাদেশ গড়তে চায় তার দল। পরিচয়ের ভিত্তিতে বৈষম্যের ঘটনা ঘটলে এনসিপি তার প্রতিবাদ করবে।

LENS ASIA

সাম্প্রদায়িক সম্প্রীতি নিয়ে সতর্ক থাকার আহ্বান জানিয়ে নাহিদ অভিযোগ করেন, বাংলাদেশের সম্প্রীতি ক্ষতিগ্রস্ত হতে পারে—এমন পরিস্থিতি নিয়ে প্রতিবেশী একটি দেশের গণমাধ্যম সক্রিয় থাকে। যারা ধর্মীয় সম্প্রীতি নষ্ট করতে চায়, তারা সফল হবে না বলেও মন্তব্য করেন তিনি।

অনুষ্ঠানে এনসিপির সদস্যসচিব আখতার হোসেন বলেন, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টানরা বাংলাদেশেরই নাগরিক। পারস্পরিক সৌহার্দ্য বজায় রেখে সবাইকে একসঙ্গে বসবাস করতে হবে।